বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।
রিক্রুটমেন্ট, ট্রেনিং, ছুটি ও রিটায়ারমেন্ট শাখা
www.bcmcl.org.bd

"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

**নম্বর:** ২৮.১২.০০০০.০০০.২২১.৩২.০০০২.১৮.১৫৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **বিসিএমসিএল-এর ২০০৯ সালের নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে কর্মচারী পদে জনবল নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণ।**

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োজিত জনাব মোঃ সোহেল রানা ও অন্যান্য (মোট ৮৭ জন) কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১২৮৮/২০১৮ এর রায় অনুযায়ী বিসিএমসিএল-এর নিয়োগ বিজ্ঞপ্তি নং-বিসিএমসিএল/০২/৩২/৮৪; তারিখ: ১৮ জানুয়ারি ২০০৯ এর বিপরীতে কর্মচারী পদের নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত পদসমূহে আবেদনকারী গ্রহণযোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা বড়পুকুরিয়া কোল মাইন স্কুল, চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর-এ নিম্নবর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে:

| ক্রমিক নং | পদের নাম | গ্রহণযোগ্য প্রার্থীর সংখ্যা | তারিখ ও বার | সময় |
|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী | ৩২৭ | ২৫ সেপ্টেম্বর ২০২৬ শুক্রবার | সকাল ১১:০০ টা হতে ১২:০০ টা |
| ২ | এ্যাটেনডেন্ট | ৬১ | | |
| ৩ | হেলপার (কারিগরী) | ২২১ | | বিকাল ০৩:০০ টা হতে ০৪:০০ টা |

২। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে প্রার্থীর স্থায়ী ঠিকানায় ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখে প্রেরণ করা হবে। কোন প্রার্থী প্রবেশপত্র না পেলে লিখিত পরীক্ষার পূর্বে সম্প্রতি তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবিসহ নিম্নস্বাক্ষরকারীর নিকট যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৩। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৪। মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোন ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।

৫। লিখিত পরীক্ষার কেন্দ্রে প্রবেশের সময় কোনক্রমেই ইলেকট্রনিক ডিভাইস (যেমন: ক্ষুদ্রাকৃতির ব্লুটুথ ডিভাইজ, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ডিজিটাল হাতঘড়ি ইত্যাদি), ব্যাগ, বই-পুস্তক নিয়ে প্রবেশ করা যাবে না।

৬। পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি, লিখিত পরীক্ষার ফলাফল ও মৌখিক পরীক্ষার তারিখ কোম্পানির ওয়েবসাইটে (https://bcmcl.org.bd/) প্রকাশ করা হবে।

৭। লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ও দৈনিক ভাতা (TA/DA) প্রদান করা হবে না।

৮। অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ লিখিত পরীক্ষার তারিখ ও ভেন্যু পরিবর্তন/স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৩১-০৮-২০২৬
মোহাম্মদ ছানা উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল ও
আহ্বায়ক, জুনিয়র সিলেকশন কমিটি
ফোন : +৮৮০২৫৮৮৮৭৮৬০৮
ইমেইল : gm_admin@bcmcl.org.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)।
২। মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৪। ব্যবস্থাপক (আইটি), আইটি ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।